প্রাণ ভরিয়ে তৃষা হরিয়ে মোরে আরো আরো আরো দাও প্রাণ, প্রাণ ভরিয়ে তৃষা হরিয়ে মোরে আরো আরো আরো দাও প্রাণ।

তব ভুবনে, তব ভবনে মোরে আরো আরো আরো দাও স্থান, মোরে আরো আরো আরো দাও প্রাণ, প্রাণ ভরিয়ে তৃষা হরিয়ে মোরে আরো আরো আরো দাও প্রাণ।

আরো আলো, আরো আলো
এই নয়নে, প্রভু ঢালো।
আরো আলো, আরো আলো
এই নয়নে, প্রভু ঢালো।
সুরে সুরে বাঁশি পূরে,
তুমি আরো আরো আরো দাও তান,
মোরে আরো আরো আরো দাও প্রাণ।
প্রাণ ভরিয়ে তৃষা হরিয়ে
মোরে আরো আরো আরো দাও প্রাণ।

আরো বেদনা, আরো বেদনা
প্রভু, দাও মোরে আরো চেতনা,
দ্বার ছুটায়ে, বাধা টুটায়ে
মোরে করো ত্রাণ, মোরে করো ত্রাণ,
আরো বেদনা, আরো বেদনা
প্রভু, দাও মোরে আরো চেতনা,
দ্বার ছুটায়ে, বাধা টুটায়ে
মোরে করো ত্রাণ, মোরে করো ত্রাণ।

আরো প্রেমে, আরো প্রেমে
মোর আমি ডুবে যাক নেমে,
আরো প্রেমে, আরো প্রেমে
মোর আমি ডুবে যাক নেমে,
সুধাধারে আপনারে
তুমি আরো আরো আরো করো দান,
মোরে আরো আরো আরো দাও প্রাণ
প্রাণ ভরিয়ে তৃষা হরিয়ে
মোরে আরো আরো আরো দাও প্রাণ।

তব ভুবনে, তব ভবনে
মোরে আরো আরো আরো দাও স্থান,
মোরে আরো আরো আরো দাও প্রাণ
প্রাণ ভরিয়ে তৃষা হরিয়ে
মোরে আরো আরো আরো দাও প্রাণ
প্রাণ ভরিয়ে তৃষা হরিয়ে
মোরে আরো আরো আরো দাও প্রাণ